

## অধরচন্দ্র উচ্চ বিদ্যালয় মূল ভবনটি রক্ষার দাবিতে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক, সাভার >

সাভারের ১০৩ বছরের ঐতিহ্যবাহী অধরচন্দ্র উচ্চ বিদ্যালয়ের মূল ভবনটি রক্ষা ও সংস্কারের দাবিতে মানববন্ধন করেছে সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা। শুক্রবার সকালে বিদ্যালয়ের মূল ফটকে 'প্রজন্ম ৯৬ ব্যাচ'র উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়।

এ সময় বিদ্যালয়ের মূল ভবনটি রক্ষায় প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চেয়ে বক্তারা বলেন, ঐতিহ্যবাহী মূল ভবনটির প্রত্নতাত্ত্বিক গুরুত্ব রয়েছে। এ ছাড়া বিদ্যালয়টি রানা প্লাজা ধসের পর ইতিহাসের অংশ হয়ে গেছে। এ সময় মূল ভবনটি রক্ষার দায়িত্ব প্রধানমন্ত্রী নেবেন বলে আশাবাদ ব্যক্ত করেন বক্তারা।

মানববন্ধনে বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ও সাবেক সংসদ সদস্য আশরাফ উদ্দিন খান ইমু বলেন, ষড়যন্ত্রকারীদের দ্বারা সবই সম্ভব। একটি স্কুল ভবন ধ্বংস করতেও তারা সক্ষম হবে না। ঐতিহ্যবাহী এ স্কুল ভবনটির বিরুদ্ধে একটি কুচক্রীমহল ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। তারা সাভারের ইতিহাস থেকে তৎকালীন জমিদার ও শিক্ষানুরাগী রাখাল চন্দ্রকে মুছে ফেলতে ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে।